



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

“তথ্য অধিকার” কমিটির সভার কার্যবিবরণী

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর ২৬/০৮/২০২১ তারিখের ৬২৯(২)/৩য়-১৮/সংস্থাপন স্মারকে গঠিত “তথ্য অধিকার” কমিটির প্রথম সভা অদ্য ১৩/০৯/২০২১ তারিখ কমিটির আহ্বায়ক জনাব এস.এম গোলাম আজম, প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:)-এর সভাপতিত্বে শুরু হয়।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবন্দ:

১. জনাব মুহাম্মদ শামিম আল আমিন, প্রোগ্রামার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য	অনুপস্থিত
২. জনাব মোহা: আব্দুল লতিফ, ডাটা এন্ট্রি কম্পিউটার অপারেটর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	সদস্য	স্বাক্ষরিত
৩. জনাব মো: মোস্তাফিজুর রহমান, একান্ত সচিব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	বিকল্প ফোকাল পয়েন্ট	স্বাক্ষরিত
৪. জনাব সুলতানা শামীমা আক্তার, গণসংযোগ অফিসার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী	ফোকাল পয়েন্ট	স্বাক্ষরিত

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভার সকল সদস্যের উন্মুক্ত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্য সূচি-১ : মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের তথ্য অধিকার বিষয়ে পরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ আলোচনা।

সিদ্ধান্ত-১ : APA এর চুক্তির আওতায় তথ্য অধিকার বিষয়ে ৬টি কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে উক্ত পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্ত নেয়া হয়।

- ❖ বার্ষিক পরিকল্পনা গ্রহণ ও প্রতিবেদন প্রকাশ;
- ❖ অত্র কমিটি সঠিকভাবে পরিচালনা ও তথ্য প্রদানের জন্য আলাদা নথি খোলা ও ক্যাটালগ তৈরী;
- ❖ জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অত্র অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীকে তথ্য অধিকার আইন-২০০৯ গেজেট সরবরাহ;
- ❖ তথ্য অধিকার সম্পর্কিত জনসচেতনতার জন্য পর্যায়ক্রমে অত্র বোর্ডের সকল কর্মকর্তা/কর্মচারী এবং শিক্ষকদেরকে সভা সেমিনার ও মতবিনিময় সভার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি;
- ❖ গৃহিত পরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন যথাসময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষকে হার্ড কপি/ইমেইলের মাধ্যমে অবহিত করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

এস.এম গোলাম আজম

আহ্বায়ক, তথ্য অধিকার কমিটি

ও

প্রধান মূল্যায়ন অফিসার (চ:দা:)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী